



হরমুজ প্রণালিতে নৌযানে আগুন, নিহত ভারতীয় নাবিক



সংগৃহীত ছবি

হরমুজ প্রণালির কাছে একটি কাঠের ধাপে নৌযানে আগ্নিকণ্ডের ঘটনায় এক ভারতীয় নাবিক নিহত হয়েছেন। এ ঘটনায় আরও চারজন আহত হয়েছেন বলে জানিয়েছে সংশ্লিষ্ট সূত্র। আগুন লাগার পর নৌযানটি ডুবে গেলে সেখানে থাকা ক্রুদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভির তথ্য অনুযায়ী, নৌযানটিতে মোট ১৮ জন ভারতীয় ক্রু সদস্য ছিলেন। পরে পাশ দিয়ে যাওয়া একটি বাণিজ্যিক জাহাজ উদ্ধার অভিযান চালিয়ে তাদের নিরাপদে সরিয়ে নেয়। তবে কী কারণে আগুনের সূত্রপাত হয়েছে, তা এখনো নিশ্চিত হওয়া যায়নি। আহত নাবিকদের দুবাইয়ের বিভিন্ন হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে। এদিকে দুবাইয়ের ভারতীয় কনস্যুলেট জানিয়েছে, তাদের কর্মকর্তারা উদ্ধার হওয়া নাবিকদের সঙ্গে সাক্ষাৎ করেছেন এবং জাহাজের মালিকপক্ষের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছেন। পাশাপাশি ক্ষতিগ্রস্তদের সব ধরনের সহায়তা দেওয়ার আশ্বাসও দেওয়া হয়েছে। ঘটনাটি এমন সময়ে ঘটল, যখন হরমুজ প্রণালিকে ঘিরে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে নতুন করে উত্তেজনা তৈরি হয়েছে। বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ এই সামুদ্রিক পথ দিয়ে বৈশ্বিক তেলের বড় একটি অংশ পরিবহন করা হয়। সম্প্রতি ওই অঞ্চলে দুই দেশের পাল্টাপাল্টি হামলার ঘটনায় পরিস্থিতি আরও অস্থির হয়ে উঠেছে।